কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

এই যুগ

EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 4 NOVEMBER 2026,WEDNESDAY | ৪ নভেম্বর ২০২৬,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-326

শিলিগুড়িতে "গণতন্ত্র বাঁচাও,অরাজকতা হটাও" মহামিছিলে শুভেন্দু অধিকারী



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৩ নভেম্বর : মঙ্গলবার শিলিগুড়িতে আয়োজিত হলো বিজেপির "গণতন্ত্র বাঁচাও, অরাজকতা হটাও" মহামিছিল। এদিনের মহামিছিলে সামিল হন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মিছিল শুরু হয় শিলিগুড়ির বাঘাযতীন ময়দান থেকে শেষ হয় এয়ার ভিউ মোড়ের মহাত্মা গান্ধী রোডে। মহা মিছিল শেষে আয়োজিত হয় সভা। সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বাম দল সহ তৃণমুলের কঠোর সমালোচনা করেন। বিরোধী জোটকে আক্রমন করে তিনি বলেন নির্বাচনে পরাজিত দলগুলো একত্রিত হয়ে দেশে অরাজকতা সৃষ্টি করতে চাইছে। শিলিগুড়ির জন্য বেশ কিছু প্রকল্পের ঘোষনা করেন। উত্তরকন্যায় আয়োজিত প্রশাসনিক বৈঠকে বন্ধ চা বাগান গুলির কুড়ি হাজার শ্রমিকদের জন্য উৎসবের মরশুমে পরিবার পিছু পঞ্চাশ কেজি চাল ও এককালীন পাঁচ হাজার টাকার আর্থিক অনুদান তুলে দেন শ্রমিক পরিবারের সদস্যদের হাতে। বন্ধ চা বাগান গুলি দ্রুত খোলার কথাও ঘোষণা করেন।এরপর শিলিগুড়ি পৌর নিগম দপ্তরে যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিনের কর্মসূচি তে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার,রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ, উত্তর বঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক সহ সাংসদ , বিধায়কগণ ও দলের কর্মী সমর্থকরা।

ফালাকাটায় উদ্ধার বিপুল পরিমান সুপারি ,গ্রেপ্তার দুই



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ, আলিপুরদুয়ার ,৩ নভেম্বর : আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ মঙ্গলবার ফালাকাটার বিভিন্ন গুদামে অভিযান চালিয়ে উদ্ধার করে এক লক্ষ সতেরো হাজার দুশো কেজি সুপারি। পুলিশের অনুমান এই সুপারির বেশীরভাগটাই বিদেশী সুপারি। ঘটনাস্থল থেকে গ্রেপ্তার করা হয় দুজনকে। ধৃতদের নাম বাপন সাহা ও সুজন বর্মন। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করে পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে পুলিশ ধৃতদের রিমান্ডে নেবার আবেদন জানিয়েছে। এই চক্রের অন্যান্যদের খোঁজে তল্লাশী চালিয়ে যাচ্ছে পুলিশ।

রাষ্ট্রীয় জনজাতি গৌরব দিবস উপলক্ষ্যে আলোচনা সভা বিজেপির রাজ্য কার্যালয়ে



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা , ৩ নভেম্বর : কলকাতায় বিজেপির পশ্চিমবঙ্গ রাজ্য কার্যালয়ে মঙ্গলবার অনুষ্ঠিত হয় রাষ্ট্রীয় জনজাতি গৌরব দিবস উপলক্ষ্যে এক গুরুত্বপূর্ণ সাংগঠনিক আলোচনা সভা। বিজেপির রাজ্য এস টি সেলের উদ্যোগে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সভাপতি তথা সাংসদ খগেন মুর্মু , রাজ্যের মন্ত্রী ক্ষুদিরাম টুডু ,ক্ষুদিরাম মুর্মু , জুয়েল ওঁরাও সহ সংগঠনের অন্যান্য নেতৃত্ব। জানা গেছে চলতি মাসের পনেরো তারিখ ভগবান বীরসা মুন্ডার জন্মজয়ন্তী যথাযথ মর্যাদার সাথে উদযাপন ও বিভিন্ন সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। জনজাতি সমাজের গৌরব, ঐতিহ্য ও আত্মসম্মানকে সামনে রেখে সংগঠনকে আরো শক্তিশালী করার লক্ষ্যে বেশ কিছু কর্মসূচি গ্রহন করা হয়েছে এদিনের এই সভায় বলে জানা গেছে।

বন দপ্তরের পাতা খাঁচায় বন্দী চিতাবাঘ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৩ নভেম্বর : অবশেষে ছাগল খাবার লোভে বন দপ্তরের পাতা খাঁচায় বন্দী হলো প্রায় তিন মাস ধরে চা বাগানে আতঙ্কের পরিবেশ সৃষ্টিকারী একটি চিতাবাঘ। ঘটনা জলপাইগুড়ি জেলার বানারহাট থানার গ্যান্ড্রাপাড়া চা বাগানে। জানা গেছে কয়েকমাস ধরে চা বাগানে রীতিমতো আতঙ্কের পরিবেশ সৃষ্টি করেছিলো এই চিতাবাঘটি। সন্ধ্যা হলেই চিতাবাঘটি চা বাগানের বিভিন্ন শ্রমিক লাইনে হানা দিয়ে হাঁস মুরগী বা ছাগল তুলে নিয়ে যেতো।এমন গর্জন করতো যে শ্রমিকরা রীতিমতো ভয়ে জড়োসড়ো হয়ে যেতেন। চিতা বাঘটির ভয়ে শ্রমিকরা সন্ধ্যার পর ঘরবন্দী হয়ে থাকতেন। দিনের বেলায় চা বাগানে কাজ করতে থাকা শ্রমিকদের দিকে তেড়ে আসতো চিতা বাঘটি। এটির হানায় গত তিন মাসে জখম হয়েছেন বেশ কয়েকজন শ্রমিক। অবশেষে শ্রমিকদের অভিযোগের ভিত্তিতে বন দপ্তরের বিন্নাগুড়ি রেঞ্জের কর্মীরা চিতাবাঘটিকে ধরতে দশদিন আগে চা বাগানের একচল্লিশ নম্বর ডিভিশনে ছাগলের টোপ দিয়ে একটি খাঁচা পাতেন। অবশেষে মঙ্গলবার ভোরে ছাগল খাবার লোভে খাঁচাবন্দী হয় চিতাবাঘটি।চিতাবাঘটিকে বন দপ্তরের লাটাগুড়ি রেঞ্জে নিয়ে যান। সেখানে স্বাস্থ্য পরীক্ষার পর চিতাবাঘটিকে লাটাগুড়ির গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হবে বলে জানান বন কর্মীরা।

অসমে ঘুমপাড়ানি গুলিতে কাবু বক্সার বাঘিনী BTR TF-1 ,ফেরানো হচ্ছে বক্সায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ নভেম্বর : ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা এবং টানটান উত্তেজনার পর অবশেষে অসমের কোকরাঝাড় জেলায় ঘুমপাড়ানি গুলিতে কাবু করা হলো বক্সার বাঘিনী BTR TF-1 কে। মঙ্গলবার সূর্যাস্তের ঠিক আগে তাকে ট্রাঙ্কুলাইজ করা হয়। স্বাস্থ্য পরীক্ষার পর বিশেষ অ্যাম্বুলেন্সে করে বাঘিনীকে বক্সা টাইগার রিজার্ভে ফিরিয়ে আনা হচ্ছে। প্রাথমিকভাবে তাকে বনকর্মীদের তত্ত্বাবধানে একটি খোলা খাঁচায় রাখা হবে।ন্যাশনাল টাইগার কনজারভেশন অথরিটি (NTCA)-র অনুমোদনের পর অসম ও পশ্চিমবঙ্গের বনদপ্তর যৌথভাবে এবং বিশেষজ্ঞদের প্রযুক্তিগত সহায়তায় এই অভিযান পরিচালনা করে।সোমবার থেকেই অভিযানের প্রস্তুতি শুরু হয়েছিল, যখন কোকরাঝাড় জেলার দতমা এলাকার গেলাগুড়ি গ্রামের কাছে বাঘিনীটিকে দেখা যায়। মঙ্গলবার সকালে বনকর্মীরা তাকে ধরার জন্য অভিযান শুরু করেন। তবে লোকালয়ের খুব কাছে থাকায় কাজটি অত্যন্ত কঠিন হয়ে পড়ে, জনসুরক্ষা নিশ্চিত করে সাবধানে ঘুমপাড়ানি গুলি ছুঁড়তে হয়।অভিযানের আগে কোকরাঝাড়ের জেলাশাসক পঙ্কজ চক্রবর্তী ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS)-র ১৬৩ ধারায় নিষেধাজ্ঞা জারি করেন। পাঁচ বা তার বেশি মানুষের জমায়েত, বনে অবৈধ প্রবেশ, ড্রোন ওড়ানো, বাজি ফাটানো, লাউডস্পিকার ব্যবহার এবং টর্চ নিয়ে বাঘিনী খোঁজায় নিষেধাজ্ঞা জারি করা হয়। গেলাগুড়ি গ্রামের পাঁচ কিলোমিটার ব্যাসার্ধ এলাকাকে সংরক্ষিত ও বাফার জোন ঘোষণা করা হয়।বক্সা থেকে দুটি কুমকি হাতিকে ট্রাকে করে নিয়ে যাওয়া হয়। তাপমাত্রা কমার অপেক্ষার পর বিকেল সাড়ে ৩টে নাগাদ অভিযান শুরু হয়। প্রায় দু'ঘণ্টার চেষ্টার পর বিকেল সাড়ে ৫টা নাগাদ বাঘিনীকে সফলভাবে কাবু করা হয়।বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ বলেন ,"প্রায় দুই থেকে তিন ঘণ্টা ধরে লুকোচুরি খেলা চলেছে। শেষ পর্যন্ত আমরা বাঘিনীকে ধরতে সক্ষম হয়েছি। অসম সরকার , বক্সা বনদপ্তর এবং কারিগরি দলকে ধন্যবাদ, যাঁদের সম্মিলিত প্রচেষ্টায় অভিযান সফল হয়েছে। বাঘিনীকে শীঘ্রই বক্সায় নিয়ে যাওয়া হবে।"

জেলাজুড়ে কালীপুজোর মণ্ডপ পরিদর্শন করলেন ডিআইজি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ নভেম্বর : কালীপুজোর আগে জেলাজুড়ে মণ্ডপ পরিদর্শনে জলপাইগুড়ি রেঞ্জের ডিআইজি প্রশান্ত কুমার চৌধুরী, সঙ্গে পুলিশ সুপার অমিত কুমার সাউ, পুজো উদ্যোক্তাদের সঙ্গে কথা বলে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখল পুলিশকালীপুজোকে সামনে রেখে আলিপুরদুয়ার জেলাজুড়ে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করল জেলা পুলিশ। কালীপুজো নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে এদিন জেলার বিভিন্ন কালীপুজো মণ্ডপ পরিদর্শন করেন জলপাইগুড়ি রেঞ্জের ডিআইজি প্রশান্ত কুমার চৌধুরী। তাঁর সঙ্গে ছিলেন আলিপুরদুয়ারের পুলিশ সুপার অমিত কুমার সাউ-সহ পুলিশের অন্যান্য আধিকারিকরা।মণ্ডপ পরিদর্শনের পাশাপাশি পুজো উদ্যোক্তাদের সঙ্গে কথা বলেন পুলিশ আধিকারিকরা। মণ্ডপের নিরাপত্তা, এবং সরকারি নির্দেশিকা মেনে অন্যান্য প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করা হয়েছে কি না, তা সরেজমিনে খতিয়ে দেখেন তাঁরা। পাশাপাশি পুজো উদ্যোক্তাদের বিভিন্ন সতর্কতামূলক ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়।মঙ্গলবার রাতে মাদারিহাটে পুজো মণ্ডপ পরিদর্শন করেন। ডিআইজি প্রশান্ত কুমার চৌধুরী জানান, প্রতিটি পুজো মণ্ডপে গিয়ে উদ্যোক্তাদের সঙ্গে সরাসরি কথা বলা হচ্ছে। তাঁদের ব্যবস্থাপনা সরেজমিনে পরীক্ষা করার পাশাপাশি সরকারের তরফে জারি করা সতর্কবার্তা ও প্রয়োজনীয় নির্দেশিকা সম্পর্কে জানানো হচ্ছে। সমস্ত নিয়ম মেনে যাতে পুজোর আয়োজন করা হয়, সে বিষয়েও উদ্যোক্তাদের বিশেষভাবে সতর্ক করা হচ্ছে।তিনি আরও জানান, এটি একদিনের কর্মসূচি নয়। আগে থেকেই পরিকল্পনা তৈরি করে কোন কোন পুজো মণ্ডপ পরিদর্শন করা হবে, তা ঠিক করা হচ্ছে। সেই পরিকল্পনা অনুযায়ী নিয়মিত পরিদর্শনে যাচ্ছেন পুলিশের সিনিয়র আধিকারিকরা।

কুমারগ্রামের অসম বাংলা সীমান্তে পণ্যবাহী গাড়ি চালকদের লম্বা লাইন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ নভেম্বর : অসম বাংলা সীমান্তে জাতীয় সড়কে অচল অবস্থা তৈরি হয়েছে। একদিকে অসম থেকে পণ্যবাহী গাড়িগুলি পশ্চিমবঙ্গের সীমানায় ঢুকতে পারছে না অন্যদিকে পশ্চিমবঙ্গের গাড়ি অসম সীমানায় যেতে পারছে না। বেশ কিছুদিন যাবত পণ্যবাহী গাড়ির চালকদের ব্যাপকভাবে হয়রানি করা হচ্ছে এমনটাই অভিযোগ উঠছে পন্য বাহী গাড়ির চালকদের মধ্যে থেকে। ফলে অসম বাংলা সীমান্তের বারবিশা পাকড়ি গুলি এলাকায় উত্তেজনা তৈরি হয়েছে। জাতীয় সড়কে দাঁড়িয়ে রয়েছে পণ্যবাহী গাড়ি। তবে চালকদের কাছ থেকে জানা গেছে পশ্চিমবঙ্গের গাড়িগুলিকে অসমে ঢুকতে না দেওয়ার দরুন ধুপগুড়ি ময়নাগুড়ি গাড়িগুলিকে অসমে যাওয়ার জন্য অন্য পথ দেখানো হচ্ছে।

মুখ্যমন্ত্রীর সফরের আগেই চোরাই বালি পাথরের রমরমা ব্যবসা শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ নভেম্বর : আগামী ১৮ ই নভেম্বর শামুকতলা থানার কার্তিকা এলাকায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আসবেন দলীয় কর্মসূচীতে যোগ দিতে। মুখ্যমন্ত্রী সফরের আগেই ব্যাপক ভাবে বালু পাথর তোলা হচ্ছে শামুকতলা থানার জয়ন্তী নদী থেকে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে সকাল থেকেই বালি পাথর তোলা শুরু হয় জয়ন্তী নদীর বানিয়ারডাবড়ী থেকে শুরু করে লোহার ডাঙ্গি পর্যন্ত। তুরতুরি নদীতে রয়েলটি থাকলেও আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে অসাধু ব্যবসায়ীরা বালি পাথর এর ব্যবসা করে যাচ্ছেন রমরমা ভাবে। শামুকতলা থানার পুলিশ মাঝেমধ্যে হানা দিলেও বালি মাফিয়াদের গাড়ি ধরতে পারছে না অধিকাংশ সময়। তাছাড়া ভূমি সংস্কার দপ্তরের আধিকারিকদের দিকেও আঙ্গুল উঠছে এলাকার কৃষক মহলের। নাম প্রকাশের অনিচ্ছুক এক কৃষকের কাছ থেকে জানা গেছে অবৈধভাবে বালি পাথর খননের ফলেই একদিকে যেমন কৃষি জমি নদী গর্ভে চলে যাচ্ছে অন্যদিকে নদীর গতিপথ পরিবর্তন হওয়ার সম্ভাবনা রয়েছে বানিয়ারডাবড়ী এলাকায়। তৃণমূলের শাসনকালে বালি পাথরের রমরমা ব্যবসা চলতো সরকার পরিবর্তন হলেও ব্যবসার পরিবর্তন হয়নি। যদিও বিষয়টি নিয়ে শামুকতলা গ্রাম পঞ্চায়েত প্রধান জানিয়েছে বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে। তবে বনমন্ত্রী জানিয়েছেন অবৈধভাবে বালি পাথরের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হবে।

পুলিশের অভিযানে পাচারের পথে উদ্ধার ১৯টি মহিষ ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , শিলিগুড়ি , ৩ নভেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বাগডোগরা থানার পুলিশ গোপন সুত্রে খবরের ভিত্তিতে মঙ্গলবার ভোরে বাগডোগরা হাসপাতাল মোড়ে অভিযান চালিয়ে একটি ট্রাক আটক করে তল্লাশী চালায় । তল্লাশীতে ট্রাক থেকে উদ্ধার হয় ১৯টি মহিষ। মহিষগুলি পরিবহনের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় গ্রেপ্তার করা হয় চালক ও তার সহকারীকে। জানা গেছে ধৃতদের নাম হানিফ আলি (২৯) ও কবিরুল ইসলাম (৩০),দুজনেই অসমের বাসিন্দা। পুলিশের অনুমান মহিষগুলিকে বিহার থেকে অসমে পাচার করা হচ্ছিলো। মহিষ সহ ট্রাকটিকে বাজেয়াপ্ত করে ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে এবং আদালতে পেশ করা হয়েছে। পাচার চক্রের অন্যান্যদের খোঁজে তল্লাশী চালিয়ে যাচ্ছে পুলিশ।

মেচপাড়া চা বাগানে হাতির হানায় ৬৯ বছর বয়সী বৃদ্ধের মৃত্যু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ নভেম্বর : মেচপাড়া চা বাগানের ৯ নম্বর লাইনে মঙ্গলবার সকালে বুনো হাতির হামলায় ৬৯ বছর বয়সী ভুটকু ভোক্তার মর্মান্তিক মৃত্যু হয়েছে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার ভোর প্রায় ৫টা নাগাদ শৌচকর্মের জন্য বাড়ি থেকে বেরিয়েছিলেন ওই বৃদ্ধা। সেই সময় ঝোপের মধ্যে থাকা একটি হাতি তাঁকে পিষে দেয়। খবর পেয়ে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে পৌঁছে বন দফতর ও পুলিশকে খবর দেন। পরে বনকর্মী ও পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়।বন দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, সরকারি নিয়ম অনুযায়ী মৃতার পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হবে। এই ঘটনায় গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |